# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪২৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহুমাকে নির্দেশ দিয়েছিলেন বাবার কথা মেনে স্ত্রীকে তালাক দিতে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم أمر بن عُمَرَ بِطَلَاقِهَا طَاعَةً لِأَبِيهِ

আরবী

أَخْبَرَنَا الصُّوفِيُّ حَدَّثَنَا علي بن الجعد أنبأنا بن أَبِي ذِئْبٍ عَنِ الْحَارِثِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ حَمْزَةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ أَبِيهِ قَالَ كَانَتْ تَحْتِي امْرَأَةٌ وَكُنْتُ أُحِبُّهَا وَكَانَ أَبِي يَكْرَهُهَا فَأَمَرَنِي بِطَلَاقِهَا فَأَبَيْتُ فَذَكَرَ ذَلِكَ عُمَرُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "يَا عَبْدَ اللَّهِ طلقها."

الراوي : عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 427 | خلاصة حكم المحدث: حسن.

বাংলা

৪২৭. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহুমা আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন: “আমার আওতায় একজন স্ত্রী ছিল। আমি তাকে খুব ভালবাসতাম। কিন্তু আমার বাবা উমার রাদ্বিয়াল্লাহু আনহু তাকে অপছন্দ করেন। ফলে তিনি আমাকে নির্দেশ দেন তাকে তালাক দেওয়ার জন্য। কিন্তু আমি তালাক দিতে অস্বীকৃতি জানাই। অতঃপর উমার রাদ্বিয়াল্লাহু আনহু ব্যাপারটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলেন। ফলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “হে আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু, তুমি তাকে তালাক দিয়ে দাও।”[1]

ফুটনোট

[1] মুসনাদ ইবনুল জা‘দ: ২৮৫৯; মুসনাদ আহমাদ: ২/২০; আবু দাউদ: ৫১৩৮; ইবনু মাজাহ: ২০৮৮; আত তায়ালিসী: ১৮২২; সুনান বাইহাকী: ৭/৩২২; তিরমিযী: ১১৮৯; হাকিম: ২/১৯৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আস সহীহাহ: ৯১৯।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88891

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন